159

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 2 1999

পৃষ্ঠা কলাম

# বিশ্ববিদ্যালয়সমূহে ছাত্র সংসদ নির্বাচন সম্পন্ন করার উদ্যোগ

আনোয়ার আলদীন ঃ দীর্ঘকাল পর দেশের বিশ্ববিদ্যালয়গুলির ছাত্র সংসদ নির্বাচন চলতি বছরের মধ্যভাগের মধ্যে সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হইতেছে। ২০০০ সালে সাধারণ নির্বাচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণার পর হইতে বিশ্ববিদ্যালয়গুলির ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের চিন্তা-ভাবনা শুরু হইয়াছে। ইতিমধ্যে দীর্ঘ ৪ বছর পর গত ১৭ই ডিসেম্বর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ বাকসু'র নির্বাচন সম্পন্ন হইয়াছে। ছাত্রদল ও শিবির অবশ্য এই নির্বাচন বয়কট করে। রাজশাহী

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়সমূহে

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ে আগামী ফেব্রুয়ারী মাসে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হইবে। গত নভেম্বরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ আবদুল খালেক রাকসু নির্বাচনের ঘোষণা দেন। ১৯৮৯ সালের মার্চ মাসে সর্বশেষ রাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। উহার পর '৯১, '৯২ ও '৯৩ সালে তিন দফা রাকসু নির্বাচনের উদ্যোগ নিয়াও কর্তৃপক্ষ ব্যর্থ হয়। রাজশাহীর মত ঢাকা, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ ৬ হইতে ৮ বছর ছাত্র সংসদ নির্বাচন হইতেছে না। ছাত্রলীগ সূত্রে জানা গিয়াছে ঃ আওয়ামী লীগের হাইকমান্ড হইতে বিশ্ববিদালয়গুলিতে ছাত্র সংসদ নির্বাচনের প্রস্তুতি গ্রহণের জন্য ছাত্রলীগের প্রতি নির্দেশ দেওয়া হইয়াছে। ডাকসু নির্বাচনের জন্য ছাত্রলীগ ইতিমধ্যে প্রস্তুতি গ্রহণ করিতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৪টি হলের নেতাদের প্রস্তুতি গ্রহণ করিতে বলা হইয়াছে। হলগুলি এখন ছাত্রলীগের নিয়ন্ত্রণে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ও মাস্টার্স পরীক্ষা শেষে আগামী এপ্রিল-মে মাসে ডাকসু নির্বাচনের উদ্যোগ নেওয়া হইতে পারে। গত আড়াই বছর ছাত্রদল ডাকসু নির্বাচনের বিরোধিতা করিলেও বর্তমানে তাহাদের মনোভাব ইতিবাচক। ১৯৯০ সালের ৬ই জুন ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয় এবং গত বছর প্রথমভাগে ডাকসু ভাঙ্গিয়া দেওয়া হয়। সর্বশেষ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচন হয় '৯০-এর জুনে। এক সন্ত্রাসী ঘটনার পর কর্তৃপক্ষ জাকসু বাতিল করে। ইহার পর আট বছর কাটিল। মার্চে বা এপিলে জাকসু নির্বাচনের সম্ভাবনা রহিয়াছে।

১৯৯০ সালের ৮ই ফেব্রুয়ারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচন অনুষ্ঠিত হয়। আগামী জুন বা জুলাই মাসে চাকসু নির্বাচন হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

আগামী মার্চে সিটি করপোরেশন ও পৌরসভা নির্বাচন এবং মে মাসে উপজেলা নির্বাচনের সম্ভাবনা রহিয়াছে। ইহার মধ্যে দেশের বিশ্ববিদ্যালয়গুলিতেও ছাত্র সংসদ নির্বাচনের হাওয়া শুরু হইয়াছে।